

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫১

৫. কিতাবুল ঈমান (كَتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ শিরক ও নিফাক সম্পর্কে যা কিছু বর্ণিত হয়েছে - যে ব্যক্তি আল্লাহর জন্য সমকক্ষ সাব্যস্ত করবে, সে নিশ্চিতভাবেই জাহান্নামে যাবে

بَابُ مَا جَاءَ فِي الشِّرْكِ وَالنِّفَاقِ _ ذِكْرُ اسْتِحْقَاقِ دُخُولِ النَّارِ لَا مَحَالَةَ مَنْ جَعَلَ لله ندأ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخِ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنِ الْمُغِيرَةِ عَنْ أَبِي وَائِلٍ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: كَلِمَتَانِ سَمِعْتُ إِحْدَاهُمَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْأُخْرَى أَنَا أَقُولُهَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ يَقُولُهَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُهَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُهُا سَمِعْتُ إِلَّا أَدْخَلَهُ النَّالَ))

وَأَنَا أَقُولُ لَا يَلْقَى اللَّهَ عبدٌ لَمْ يُشْرِك به إلا أدخلهُ الجنّة.

الراوي: ابْن مَسْعُود المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 251 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫১. আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, দুটি বাক্য; যার একটি আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শুনেছি আর আরেকটি আমি নিজে বলি। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "যে ব্যক্তি আল্লাহর সাথে সাক্ষাৎ করবে এমন অবস্থায় যে, সে আল্লাহর সাথে শিরক করেছে, তবে তিনি তাকে অবশ্যই জাহান্নামে প্রবেশ করাবেন।"

আর আমি বলি: "'যে ব্যক্তি আল্লাহর সাথে সাক্ষাৎ করবে এমন অবস্থায় যে, সে আল্লাহর সাথে শিরক করেনি, তবে তিনি তাকে অবশ্যই জান্নাতে প্রবেশ করাবেন।"[1]

ফুটনোট



[1] সহীহ মুসলিম: ৯২; সহীহ আল বুখারী: ১২৩৮; মুসনাদ আহমাদ: ১/৩৮২; ইবনু মান্দাহ: ৭৩; তায়ালিসী: ২৫৬; নাসাঈ: ৭/৪১; তাবারানী: ১০৪১০; আবু আওয়ানা: ১/১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৫৬৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন